

নম্বর: ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৫৪.২০.১৮৪

তারিখ: ৫ কার্তিক ১৪২৭

২১ অক্টোবর ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে কেলামতিয়া এয়ার ট্রাভেলস লি. (হজ লাইসেন্স নং-৮৭৮), নোয়াখালী টাওয়ার (৪র্থ তলা), ৫৫/বি, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/মালিক/মোনাঞ্জেম হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ মোতাবেক অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে বিশ্বব্যাপি ওমরাহ কার্যক্রম স্থগিত রয়েছে এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে কোন ওমরাহ এজেন্সিকে অনুমতি প্রদান করা হয়নি; এবং

০৪। যেহেতু আপনি ফেসবুকে নিম্নরূপ স্ট্যাটাস দিয়েছেন যা সুষ্ঠু হজ ব্যবস্থাপনার অন্তরায় ও শাস্তিযোগ্য অপরাধ: "আলহামদুলিল্লাহ, ওমরাহ ভিসা চলতি বছরের কার্যক্রম চালু হয়েছে। সহিহ শুদ্ধভাবে ওমরাহ পালন করুন। যোগাযোগ করুন: ০১৮১৯-২৭৬১১৫/০১৯৭৯২৭৬১১৫"; এবং

০৪। যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ০৮.১০.২০২০ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৫৪.২০.১৮. নং স্মারকে ০৩ (তিন) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং


০৫। যেহেতু আপনি গত ১১.১০.২০২০ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাবে আপনি আপনার স্বপক্ষে কোন যুক্তি উপস্থাপন করতে পারেননি; এবং

০৬। যেহেতু উল্লিখিত কারণে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান থাকায় ০৮.১০.২০২০ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৫৪.২০.১৮০ স্মারকমূলে প্রজ্ঞাপন জারী করা হয়; এবং

০৭। যেহেতু আরোপিত শাস্তি মওকুফের জন্য আপনি আপনার বক্তব্য উপস্থাপন করেছেন এবং তা সন্তোষজনক বিবেচিত হয়নি;

০৮। সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী কেলামতিয়া এয়ার ট্রাভেলস লি. (হজ লাইসেন্স নং-৮৭৮) এর এর বিরুদ্ধে ভবিষ্যতে কোন অভিযোগ পাওয়া গেলে লাইসেন্স বাতিল করা হবে মর্মে সতর্ক করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২১-১০-২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮-০২-৯৫৮৪৩২২

নম্বর: ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৫৪.২০.১৮৪/১(১০)

তারিখ: ৫ কার্তিক ১৪২৭
২১ অক্টোবর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
- ৫) পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা এ এজেন্সির অনুকূলে প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৭) সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা
- ৯) স্বত্বাধিকারী, কেলামতিয়া এয়ার ট্রাভেলস লি. (হজ লাইসেন্স নং- ৮৭৮), নোয়াখালী টাওয়ার (৪র্থ তলা), ৫৫/বি, পুরানা পল্টন, ঢাকা-১০০০
- ১০) অফিস, কপি।